

শিক্ষা বিদ্যুৎ ও তথ্য প্রযুক্তি খাতে বর্ধিত সাহায্য দিন -খালেদা জিয়া

বাসস : প্রধানমন্ত্রী বেগম-খালেদা জিয়া দারিদ্র্য বিমোচন এবং জনগণের অর্থনৈতিক অগ্রগতির জন্য যথাযথভাবে তহবিল ব্যবহারের প্রতিশ্রুতি দিয়ে শিক্ষা, বিদ্যুৎ ও তথ্য যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) খাতে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) বর্ধিত সহায়তা কামনা করেছেন।

এডিবি'র নবনিযুক্ত কান্ট্রি ডিরেক্টর টরু শিবুইচি গতকাল (শনিবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে সাক্ষাৎ করতে গিয়ে বেগম জিয়া একথা বলেন।

১৯৯১-৯৬ পর্বে বিএনপি ক্ষমতায় থাকাকালে যমুনা সেতুর অধিকাংশ কাজ সম্পন্ন করার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে, এডিবি পদ্মা সেতু নির্মাণেও সাহায্যের হাত বাড়িয়ে দেবে। এই সেতু নির্মিত হলে গোটা দেশ অবিচ্ছিন্ন সড়ক নেটওয়ার্কের আওতায় আসবে।

৪-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

খালেদা জিয়া

৮-এর পৃষ্ঠার পর

আলোচনায় একটি আইসিটি প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠার বিষয় স্থান পায়, যা পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা যাবে। বেগম জিয়া বলেন, দেশে মানবসম্পদ উন্নয়নে জরুরী ভিত্তিতে একটি আইসিটি ইনস্টিটিউট অপরিহার্য।

বেগম জিয়া তরলকৃত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) ফিলিং স্টেশন প্রতিষ্ঠা এবং ঢাকা থেকে উত্তরাঞ্চলীয় জেলাসমূহ পর্যন্ত একটি মহাসড়ক নির্মাণেও এডিবি'র সহায়তা কামনা করেন। এ সময় ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর বলেন, এডিবি ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে সিএনজি ফিলিং স্টেশন প্রতিষ্ঠায় সহায়তা দেবে।

বৈঠকে সরকারের দারিদ্র্য বিমোচনের কর্মসূচীর অংশ হিসেবে 'রাক বেঙ্গল গোট' উন্নয়নের জন্য এডিবি'র সাহায্যের প্রয়োজনীয়তার কথা উত্থাপন করা হয় এবং কান্ট্রি ডিরেক্টর এ ব্যাপারে তার আগ্রহ দেখান।

সরকার রাজধানীর আগারগাওয়ে এডিবি'র জন্য এক খন্ড জমি বরাদ্দ করেছে। ঢাকায় আবাসিক মিশন প্রতিষ্ঠার ২০তম বার্ষিকী উপলক্ষে সেখানে এ বছর এডিবি'র নিজস্ব ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে।

১৯৮২ সালে বাংলাদেশের উন্নয়ন অংশীদার হিসেবে এই মিশন প্রতিষ্ঠিত হয়।

টরু শিবুইচি আইন-শুজ্বলাসহ আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়নে বর্তমান সরকারের নেয়া বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন।

তিনি বলেন, যানজট হ্রাস এবং পরিচ্ছন্নতার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণের পর ঢাকার বাতাস বিশুদ্ধ হয়েছে।

কান্ট্রি ডিরেক্টর প্রধানমন্ত্রী বেগম জিয়ার সরকারকে এডিবি'র সম্ভাব্য সকল প্রকার সাহায্য ও সহায়তার আশ্বাস দেন। উপ-আবাসিক প্রতিনিধি ওমকার শ্রেষ্ঠ তার সঙ্গে ছিলেন।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ কামাল সিদ্দিকী বৈঠকে উপস্থিত ছিলেন।